তারিখ 16 OCT 2016
পৃষ্ঠা ৭ ... কলাম ৫

যুগান্তর

# প্রাথমিক শিক্ষক সমিতির একাংশের নতুন কমিটি

যুগান্তর রিপোর্ট

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির একাংশের নতুন কমিটি গঠন করা হয়েছে। এতে আনোয়ারুল ইসলাম তোতা সভাপতি ও মো. গাজীউল হক চৌধুরী সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) আয়োজিত সংবাদ সম্মেলনে সংগঠনটি দাবি করেছে, নির্বাচনের মাধ্যমে তারা এ কমিটি গঠন করেছেন। এতে সমিতির নির্বাচন কমিশনের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) গোলাম মোস্তফা আনুষ্ঠানিকভাবে ৫টি পদের ফলাফল ঘোষণা করেন। বাকি তিন বিজয়ী হলেন— সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মো. আবদুল ওয়াদুদ ভূঁইয়া, সাংগঠনিক সম্পাদক মো. জুলফিকার আলী ও অর্থ সম্পাদক মো. ছাইদুর রহমান।

গোলাম মোস্তফা, বলেন, কেন্দ্রীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্তে ১৩ অক্টোবর সব বিভাগে সুন্দর ও সুষ্ঠুভাবে নির্বাচন অনুষ্ঠিত হয়। সভাপতি পদে ৩ জন, সাধারণ সম্পাদক পদে ৩ জন, সিনিয়র যুগ্ম সম্পাদক পদে ২ জন, সাংগঠনিক পদে ২ জন, অর্থ সম্পাদক পদে ২ জন অর্থাৎ মোট ৫টি পদে ১২ জন প্রার্থী প্রত্যক্ষ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেন। পরবর্তী কাউন্সিলের তারিখ নির্ধারণপূর্বক পূর্ণাঙ্গ কমিটি আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হবে। এ সময় নির্বাচন কমিশনার সুবল চন্দ্র পাল ছাড়াও বিজয়ী প্রার্থী ও অন্য শিক্ষক প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

এদিকে গত কয়েকদিন ধরে সংবাদ বিজ্ঞপ্তি পাঠিয়ে এ সমিতিরই অন্য নেতারা দাবি করে আসছেন, আনোয়ারুল ইসলাম তোতাকে সমিতি থেকে বহিষ্কার করা হয়েছে। বহুধা বিভক্ত প্রাথমিক শিক্ষক সমিতির আরেকটি অংশের কাউন্সিল শনিবার ঢাকার ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউটে অনুষ্ঠিত হয়েছে।